

এইচএসসি পরীক্ষা

৮৫ শিক্ষার্থী বহিষ্কার

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, রোববার, ০৭ এপ্রিল ২০১৯

এইচএসসির ইংরেজি ১ম পত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডে ৮৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বোর্ডসহ গতকাল এইচএসসি ও সমপর্যায়ের পরীক্ষায় মোট ১১৭ জন শিক্ষার্থী বহিষ্কার হয়। আর গতকাল কেন্দ্রে অনুপস্থিত ছিল ১৮ হাজার ৭৩৬ জন শিক্ষার্থী।

গতকাল আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির সংশ্লিষ্ট কর্মকর্তারা এ তথ্য জানিয়েছে। ৮ শিক্ষা বোর্ডের অধীনে গতকাল এইচএসসির ইংরেজি ১ম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়। বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডে ৩৪ জন, রাজশাহীতে তিন জন, কুমিল্লায় ৯ জন, যশোরে আটজন, চট্টগ্রামে ১৮ জন, বরিশালে চার জন, সিলেটে চার জন, দিনাজপুর বোর্ডের পাঁচজন। এছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডের ছয়জন আলিম পরীক্ষার্থী এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ২৬ জন ভোকেশনাল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।